গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

স্মারক নং : মাউশি/লেইস/০২-১৯০/CRTM/২০২৫/ ২৭২৭ তারিখ : ০৬ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ,২০২৬ খ্রি.

বিষয় : লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের ১০ (দশ) দিনব্যাপী 'জলবায়ু পরিবর্তনজনিত সচেতনতা বৃদ্ধি এবং দুর্যোগ-ঝুঁকি মোকবেলা' বিষয়ক ৫ম ব্যাচের প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আওতায় বিশ্বব্যাংকের সহায়তায় গৃহীত লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্টটি অক্টোবর ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। লেইস প্রজেক্ট এর অন্যতম কর্মসূচি হচ্ছে মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানসমূহে জলবায়ু পরিবর্তনজনিত সচেতনতা এবং সহনক্ষমতা বৃদ্ধি। এ কর্মসূচির আওতায় 'মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ (Disaster Risk Mitigation) নির্দেশিকা' প্রণীত হয়েছে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে। ইতোমধ্যে 'জলবায়ু পরিবর্তনজনিত সচেতনতা বৃদ্ধি এবং দুর্যোগ-ঝুঁকি মোকবেলা' বিষয়ক প্রশিক্ষণটি নির্ধারিত ভেন্যুসমূহে ৪টি ব্যাচে মোট ২২৮০ জন শিক্ষকের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রকল্পের ৩য় বছরেও (২০২৬-২০২৭) বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচি চলমান রয়েছে।

০২। এমতাবস্থায়, **আগামী ২৮ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ হতে ০৭ অক্টোবর, ২০২৬ তারিখ** পর্যন্ত বর্ণিত বিষয়ে পাঁচটি সরকারি উচ্চমাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (এইচএসটিটিআই), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)- এর প্রতিটিতে ৩টি গ্রুপে (প্রতি গ্রুপে ৪০ জন করে) এবং সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (রংপুর) ও সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (চট্টগ্রাম)- এ ১টি করে (প্রতি গ্রুপে ৪০ জন) মোট ২০টি গ্রুপে মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের জন্য ১০-দিন ব্যাপী ৫ম ব্যাচের প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা করা হয়েছে।

০৩। বর্ণিতাবস্থায়, ২৮ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. থেকে ৫ম ব্যাচের প্রশিক্ষণ শুরু করার জন্য সংশ্লিষ্ট ভেন্যুকে প্রকল্প দপ্তর থেকে অনলাইনের মাধ্যমে সরবরাহকৃত প্রশিক্ষণার্থীদের তালিকা হতে (সংযুক্তি ১-৮) টেলিফোনে যোগাযোগের মাধ্যমে তাদের অংশগ্রহণ নিশ্চিত করার অনুরোধ করা হলো। সংশ্লিষ্ট বিদ্যালয়/মাদ্রাসার প্রধানের সাথে টেলিফোনিক যোগাযোগের মাধ্যমে শিক্ষকের তালিকা চূড়ান্ত করে পত্র জারি করতে হবে। এছাড়াও, প্রশিক্ষণার্থীগণকে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশিক্ষণে অংশগ্রহণের ছাড়পত্রসহ প্রশিক্ষণ শুরুর আগের দিন সন্ধ্যার মধ্যে প্রশিক্ষণকেন্দ্রে রিপোর্ট করার জন্য নির্দেশনা প্রদান করতে হবে।

০৪। বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচি ১০-দিনব্যাপী একটি পরিপূর্ণ আবাসিক প্রশিক্ষণ কর্মসূচি। এ বিষয়টি পূর্বেই প্রশিক্ষণার্থীগণকে অবহিত করতে হবে এবং পরিপূর্ণ আবাসিক কর্মসূচি হিসেবে প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করতে হবে। প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার নিমিত্ত কো-অর্ডিনেশন কমিটি'র অনুসরণে প্রতিটি গ্রুপের জন্য একটি করে কো-অর্ডিনেশন কমিটি গঠন করতে হবে, যারা সংশ্লিষ্ট প্রশিক্ষণ গ্রুপের প্রশিক্ষণ বাস্তবায়ন ও সমন্বয়ের মূল দায়িত্ব পালন করবেন। তবে সংশ্লিষ্ট ভেন্যুর অন্যান্য অনুষদ সদস্য এবং কর্মচারীবৃন্দ প্রশিক্ষণ আয়োজনে কো-অর্ডিনেশন কমিটিকে সর্বতোভাবে সহায়তা করবেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাস্টার ট্রেইনারগণের মধ্য হতে পর্যায়ক্রমে সকল অনুষদ সদস্যকে কো-অর্ডিনেশন কমিটির সদস্য হিসেবে দায়িত্ব প্রদান করতে হবে। লেইস কর্তৃক জলবায়ু পরিবর্তনজনিত সচেতনতা বৃদ্ধি এবং দুর্যোগ-ঝুঁকি মোকবেলা বিষয়ক প্রশিক্ষণপ্রাপ্ত মাস্টার ট্রেইনারগণ সেশন পরিচালনার দায়িত্ব পালন করবেন।



CamScanner

০৫। অনুমোদিত বাজেট বিভাজন (স্মারক: ৩৭.০০.০০০০.০৮১.৩৬.০০১.২২ (অংশ-৫)-১৯৭; তারিখ: ১৭ নভেম্বর ২০২৫) অনুসরণে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। উক্ত বাজেট বিভাজন এবং সরকারি ক্রয় নীতিমালা অনুসরণপূর্বক প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় ক্রয় (যথা: প্রশিক্ষণ উপকরণ ইত্যাদি) সম্পাদন করতে হবে। প্রশিক্ষণ শুরু হওয়ার প্রথম দিনেই প্রশিক্ষণ ম্যানুয়াল এর কপি সকল প্রশিক্ষণার্থীদের বিতরণ করতে হবে। এছাড়াও অনুমোদিত বাজেট বিভাজনের ব্যয়হার অনুসারে প্রশিক্ষণার্থীদের আবাসন ও খাবারের ব্যবস্থা করতে হবে।

০৬। এ পরিপ্রেক্ষিতে, লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের জন্য ১০ দিনব্যাপী 'জলবায়ু পরিবর্তনজনিত সচেতনতা বৃদ্ধি এবং দুর্যোগ ঝুঁকি মোকাবেলা' বিষয়ে ৫ম ব্যাচের প্রশিক্ষণটি আয়োজনের অনুরোধ করা হলো। **বিষয়টি অতীব জরুরি।**

২৪/৯/২৫

(প্রফেসর মো. আসাদুজ্জামান)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

**বিতরণ**:
১. পরিচালক, উচ্চমাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল);
২. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর, ঢাকা;
৩. অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রংপুর;
৪. অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম।

স্মারক নং : মাউশি/লেইস/০২-১৯০/CRTM/২০২৫/ ২৭২৭ তারিখ : ০৬ আশ্বিন, ১৪৩৩ ব. / ২১ সেপ্টেম্বর, ২০২৬খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [দৃ. আ. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ];
২. সচিব, কারিগরি ও মাধ্যমিক শিক্ষা বিভাগ [দৃ. আ. অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ];
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
৫. পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৬. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৭. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৮. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
১০. উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা (সকল অঞ্চল);

**প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. প্রকল্প কর্মকর্তা (প্রশিক্ষণ-১) লেইস প্রজেক্ট; [লেইস প্রজেক্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
২. জেলা শিক্ষা অফিসার, ............ (সংশ্লিষ্ট জেলা) [বর্ণিত প্রশিক্ষণে নির্বাচিত প্রশিক্ষণার্থীগণের অংশগ্রহণ নিশ্চিতকরণে সংশ্লিষ্ট প্রশিক্ষণ ভেন্যুকে সহযোগিতা প্রদানের অনুরোধসহ];
৩. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট) [বর্ণিত প্রশিক্ষণে নির্বাচিত প্রশিক্ষণার্থীগণের অংশগ্রহণ নিশ্চিতকরণে সংশ্লিষ্ট প্রশিক্ষণ ভেন্যুকে সহযোগিতা প্রদানের অনুরোধসহ];
৪. প্রধান শিক্ষক/সুপার..................
৫. সংরক্ষণ নথি।

21.09.26

(মুহাম্মদ আক্তারুজ্জামান)
উপ-প্রকল্প পরিচালক
(প্রশিক্ষণ, প্রোগ্রামিং এবং রিপোর্টিং)
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট



CamScanner